# বাংলাদেশ কৃষি ব্যাংক
# প্রধান কার্যালয়, ঢাকা।



# ত্রৈমাসিক বুলেটিন
## ডিসেম্বর, ২০২২



গবেষণা ও পরিসংখ্যান বিভাগ

বাংলাদেশ কৃষি ব্যাংকের নির্বাহী কমিটির ২৪/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত ১২৭তম সভার সিদ্ধান্ত, "... ব্যবসায়িক খাতের অর্জনসমূহ সংকলনপূর্বক গবেষণা ও পরিসংখ্যান বিভাগ কর্তৃক ... প্রতি ত্রৈমাস অন্তে নিয়মিতভাবে এতদবিষয়ক বুলেটিন মুদ্রণপূর্বক সকল শাখা ও কার্যালয়ে বিতরণ নিশ্চিত করতে হবে" মোতাবেক দ্বিতীয়বারের মত ডিসেম্বর' ২০২২ ভিত্তিক ত্রৈমাসিক বুলেটিন প্রকাশ করা হলো।

## সম্পাদকীয় প্যানেল ঃ

১। মোহাম্মদ আহাদ খান
উপমহাব্যবস্থাপক

২। নূর মোহাম্মদ মোল্লা
সহকারী মহাব্যবস্থাপক

৩। মোছাঃ মোহসিনা ফেরদৌসী
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

৪। রিপা রানী দাস
মুখ্য কর্মকর্তা

৫। মোঃ ইয়াহিয়া শেখ
উর্ধ্বতন কর্মকর্তা

ব্যাংকের গুরুত্বপূর্ণ লক্ষ্যমাত্রা আমানত সংগ্রহ, ঋণ বিতরণ, ঋণ আদায় ও রেমিট্যান্স সংগ্রহের বিপরীতে মুখ্য অঞ্চল/অঞ্চল ও কর্পোরেট শাখাভিত্তিক অর্জন সংক্রান্ত অবস্থান ভিত্তিক ত্রৈমাসিক বুলেটিন প্রকাশিত হলো। বুলেটিনটি প্রণয়নে তথ্য সরবরাহ করে সহযোগিতার জন্য সম্পাদকীয় প্যানেলের পক্ষ হতে কৃতজ্ঞতা রইলো শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, ঋণ আদায় বিভাগ এবং ফরেন রেমিট্যান্স বিভাগকে।

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে সম্পাদিত ২০২২-২০২৩ অর্থ বছরের এপিএ'র সার্বিক অর্জনে তথ্য অধিকার কর্মপরিকল্পনা **অন্তর্ভুক্ত**।

## তথ্য অধিকার সম্পর্কে নিম্নোক্ত বিষয়াবলী সকলকেই অবহিত থাকতে হবে

জনগণের জানার অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠা সর্বোপরি জনগণের ক্ষমতায়নের লক্ষ্যে 'তথ্য অধিকার আইন, ২০০৯' প্রণীত হয়েছে। জনগণের জন্য অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করার যে নীতি সরকার গ্রহণ করেছে তার সাথে সংগতি রেখে বিকেবি, জনসংযোগ ও প্রটোকল বিভাগ কর্তৃক "তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা-২০১৮" প্রণয়ন করা হয়েছে; যা বিকেবি website: www.krishibank.org.bd এ প্রদর্শিত হচ্ছে।

তথ্যের প্রকৃতি অনুসারে প্রকাশ ও প্রদান পদ্ধতিঃ

ক) স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসমূহ স্ব স্ব ব্যবসায়িক ও প্রশাসনিক ক্ষমতার মধ্যে ব্যাংকের ইউনিটসমূহ স্বপ্রণোদিত হয়ে নোটিশ বোর্ড, ওয়েবসাইট, ব্রশিওর, মুদ্রিত বই বা প্রতিবেদন, সাইনবোর্ড, স্টিকার, পোস্টার, বুকলেট, লিফলেট এবং পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ ও প্রচার করবে।

খ) জনগণের চাহিদার ভিত্তিতে ব্যাংক কর্তৃপক্ষ ব্যাংকের আমানত, ঋণ-অগ্রিম ও বিনিয়োগ, সম্পদ-দায়, আয়-ব্যয়, মূলধন, আমানতের বিভিন্ন প্রোডাক্ট, সেবার বিপরীতে ফি-কমিশন, বৈদেশিক বাণিজ্য ও বৈদেশিক রেমিট্যান্স, শাখা ও কার্যালয় সংক্রান্ত, মানবসম্পদ নিয়োগ পদ্ধতি, উপকারভোগীর তালিকা এবং ব্যাংকের পরিচালনা সংক্রান্ত তথ্য যা ব্যাংকের স্বার্থবিরোধী নয় বা আইন দ্বারা বারিত নয়; এমন তথ্য কোন নাগরিকের আবেদনের প্রেক্ষিতে প্রদান করা যাবে।

গ) কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে, কোন ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত হয়, এমন তথ্য সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের সম্মতি ব্যতীত প্রচার বা প্রকাশ করা যাবে না। যেমন আমানতকারীর হিসাব, তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশে তদন্ত বিঘ্নিত হয়, কোন ক্রয় কার্যক্রম সর্ম্পূণ বা সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট তথ্য এবং কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য প্রকাশ করা যাবে না।

বাংলাদেশ কৃষি ব্যাংকের তথ্য বিষয়ক ফোকাল কর্মকর্তা হচ্ছেন উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, ফোনঃ ০২২২৩৩৫৪০২৫, E-mail: dgmbcbd@krishibank.org.bd, website: www.krishibank.org.bd. এছাড়া, বিকেবি তথ্য সেবা কেন্দ্র ১৬১২৯ এ কল করা যায় যা সম্পূর্ণ টোল ফ্রি।

অর্ধবার্ষিক হিসাব সমাপনী ডিসেম্বর'২০২২ পরবর্তী ব্যাংকের প্রধান ব্যবসায়িক লক্ষ্যমাত্রার বিপরীতে স্থানীয় মুখ্য কার্যালয় ও ৯ টি বিভাগীয় কার্যালয়ের আওতাধীন মুখ্য অঞ্চল/অঞ্চল ও কর্পোরেট শাখাসমূহের শতকরা হার ও অবস্থান ভিত্তিক অর্জন নিম্নে উপস্থাপন করা হয়েছে। বিভাগীয় পর্যায়ের নির্বাহীগণ ব্যাংকের সামগ্রিক চিত্রের বিপরীতে স্ব স্ব কার্যালয়ের আওতাধীন মুখ্য অঞ্চল/অঞ্চল ও কর্পোরেট শাখাসমূহের অবস্থান এবং মুখ্য অঞ্চল/আঞ্চলিক পর্যায়ের নির্বাহীগণ তাদের নিজ মুখ্য অঞ্চল/অঞ্চলের অবস্থান পর্যালোচনা করবেন। এক্ষেত্রে আওতাধীন যে সকল শাখার দুর্বল পারফরম্যান্স মুখ্য অঞ্চল/অঞ্চলকে খারাপ অবস্থানের দিকে প্রভাবিত করছে, তাদের মধ্যে কমপক্ষে ৫ টি শাখাকে নিবিড় পর্যবেক্ষণে রাখা এবং লক্ষ্যমাত্রা অর্জনে কৌশলগত পরিকল্পনা গ্রহণ করে উত্তোরণের পথে এগিয়ে যাবে বলেই আশা।

## ডিসেম্বর'২০২২ ভিত্তিক ত্রৈমাসিক বুলেটিন এর তথ্য

| ক্র: নং | মুখ্য অঞ্চল/ অঞ্চল/ কর্পোরেট শাখার নাম | আমানত সংগ্রহ | | | | ঋণ বিতরণ | | | | ঋণ আদায় | | | | রেমিট্যান্স সংগ্রহ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | অবস্থান | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | অবস্থান | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | অবস্থান | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | অবস্থান |
| ১ | বরিশাল | ১৭৬.০০ | ৫০.০৮ | ২৮% | ৮ | ২৯৪.৫০ | ১২৩.২৫ | ৪২% | ১৭ | ২২৫.৭ | ৮২.৫০ | ৩৭% | ৪২ | ৮৫ | ৩৫.৫০ | ৪২% | ১১ |
| ২ | পিরোজপুর | ১১৮.০০ | ২৬.২৬ | ২২% | ১৭ | ২৭৭.৯০ | ১০৫.৭৭ | ৩৮% | ৩২ | ১৩১.৫ | ৬৬.৩৮ | ৫০% | ২৪ | ৬৩ | ২৮.৭৮ | ৪৬% | ৭ |
| ৩ | পটুয়াখালী | ৭৭.০০ | ১৪.৬৫ | ১৯% | ১৯ | ২২৩.৯০ | ৮৬.১৮ | ৩৮% | ৩১ | ১৯৬.২ | ৭৯.০৪ | ৪০% | ৩৭ | ২৬ | ১১.২৪ | ৪৩% | ১০ |
| ৪ | ভোলা | ৬৩.০০ | ৬.৭৩ | ১১% | ৩১ | ১৫৪.০০ | ৬৬.৪০ | ৪৩% | ১৩ | ৩৩০.৬ | ১২০.৯০ | ৩৭% | ৪১ | ২৬ | ৯.৮২ | ৩৮% | ২৩ |
| ৫ | বরগুনা | ৬৮.০০ | ১৬.৫৫ | ২৪% | ১৩ | ১৮৭.০০ | ৬৮.২৮ | ৩৭% | ৩৬ | ২৪৭.৩ | ৭৩.৫০ | ৩০% | ৫১ | ২৮ | ১২.৮৫ | ৪৬% | ৫ |
| ৬ | ঝালকাঠী | ৮৩.০০ | ১০.১০ | ১২% | ২৯ | ২১৪.৭০ | ৬৮.১৭ | ৩২% | ৪৭ | ৯৬.৫১ | ৪৬.৭৮ | ৪৮% | ২৮ | ২০ | ৮.২১ | ৪১% | ১৩ |
| ৭ | কুমিল্লা | ২৬০.০০ | -১২.৮৮ | -৫% | ৫২ | ৩৫৮.২৫ | ১১৫.৮৪ | ৩২% | ৪৫ | ৩১৪.৫ | ১৪৪.৬৭ | ৪৬% | ৩১ | ১৮৫ | ৭০.৩৮ | ৩৮% | ২১ |
| ৮ | লাকসাম | ১১৫.০০ | ০.৮৫ | ১% | ৪৭ | ২৩৪.৫০ | ৮০.৬০ | ৩৪% | ৪০ | ২৫০.৪ | ১২৯.৯৩ | ৫২% | ২০ | ১৮০ | ৫৪.৫৬ | ৩০% | ৩৬ |
| ৯ | চাঁদপুর | ১৫০.০০ | ২৩.০৭ | ১৫% | ২৪ | ২৪২.৬০ | ৯৮.৮১ | ৪১% | ২১ | ১৭১.৩ | ৯৮.০৭ | ৫৭% | ১৪ | ১৭৫ | ৬৭.৭১ | ৩৯% | ১৮ |
| ১০ | ব্রাহ্মণবাড়িয়া | ৩৯৯.০০ | -১৮৬.৮৪ | -৪৭% | ৬০ | ৩১২.৫৫ | ১২৯.২৪ | ৪১% | ২০ | ২১১.৪ | ১২৭.৯৩ | ৬১% | ৮ | ১৯৫ | ৯৪.৭৪ | ৪৯% | ২ |
| ১১ | ফেনী | ১০০.০০ | ১৫.১৪ | ১৫% | ২৫ | ২১৯.০০ | ৭৭.৯৮ | ৩৬% | ৩৯ | ১৩২.৭ | ৭২.৫০ | ৫৫% | ১৭ | ১২৭ | ২১.৭৩ | ১৭% | ৫৫ |
| ১২ | নোয়াখালী | ৯০.০০ | ১৫.২৩ | ১৭% | ২২ | ২০৯.৬৫ | ৫৬.৭৪ | ২৭% | ৫৩ | ২৪৪.৪ | ৮৫.৭০ | ৩৫% | ৪৫ | ১২৫ | ২৬.৮৭ | ২১% | ৫০ |
| ১৩ | লক্ষীপুর | ৬৬.০০ | ২.৬৬ | ৪% | ৪২ | ১৯৯.৪৫ | ৩৭.১৫ | ১৯% | ৫৬ | ২৭০.৯ | ৭০.০১ | ২৬% | ৫৭ | ৬৬ | ১৪.৬৬ | ২২% | ৪৭ |
| ১৪ | ঢাকা | ১০২৫.০০ | -১১৯.২৮ | -১২% | ৫৫ | ৪৩৪.৬৬ | ১৫৮.১১ | ৩৬% | ৩৮ | ৪৮৭.৪ | ১৪৩.৫২ | ২৯% | ৫২ | ১৫৫ | ৪৩.১৪ | ২৮% | ৪০ |
| ১৫ | মানিকগঞ্জ | ২২৫.০০ | ২০.৩০ | ৯% | ৩৪ | ৩৩০.১৫ | ১২৭.৬৯ | ৩৯% | ২৮ | ১৫৭ | ৯৪.০৮ | ৬০% | ১২ | ১০৩ | ৩৭.৩৯ | ৩৬% | ২৫ |
| ১৬ | গাজীপুর | ৪০০.০০ | ১০৩.৩৩ | ২৬% | ১০ | ৪২০.১৬ | ১২২.২৫ | ২৯% | ৫২ | ৩৫৫.৪ | ১৩৭.০৪ | ৩৯% | ৩৯ | ১৩০ | ৪৯.৯২ | ৩৮% | ১৯ |
| ১৭ | নারায়নগঞ্জ | ১৭৫.০০ | -৩৩.৮৫ | -১৯% | ৫৯ | ৩০৪.৪৭ | ৮৯.৩৮ | ২৯% | ৫০ | ৩৮৫.৪ | ১০৭.৮৭ | ২৮% | ৫৩ | ১৬০ | ২৪.২২ | ১৫% | ৫৬ |
| ১৮ | মুন্সীগঞ্জ | ২০০.০০ | ৩.১৫ | ২% | ৪৫ | ৩০২.৩৬ | ১০০.৯০ | ৩৩% | ৪২ | ২০৪.৬ | ৯৩.১২ | ৪৬% | ৩২ | ১২৫ | ৩৯.৬৯ | ৩২% | ৩৪ |
| ১৯ | নরসিংদী | ২২৫.০০ | ১৭.৩৬ | ৮% | ৩৭ | ৩৫৩.৯৬ | ১৩৬.৮১ | ৩৯% | ২৯ | ২৮০.৪ | ১২১.১৬ | ৪৩% | ৩৫ | ১১২ | ৪৬.৭৩ | ৪২% | ১২ |
| ২০ | টাঙ্গাইল(উঃ) | ১৮০.০০ | ৯.৫৯ | ৫% | ৪০ | ৩১৭.১৪ | ১৩৫.৫৯ | ৪৩% | ১৪ | ২০৬.৮ | ১০০.৫৫ | ৪৯% | ২৭ | ১৩২ | ৪৭.৫৫ | ৩৬% | ২৬ |
| ২১ | টাঙ্গাইল(দঃ) | ২০০.০০ | ৩৪.১০ | ১৭% | ২১ | ৩১৪.৬৬ | ১২৬.৯১ | ৪০% | ২৪ | ২২৯.৮ | ১১৩.৩৩ | ৪৯% | ২৫ | ১০১ | ৩৮.২২ | ৩৮% | ২২ |
| ২২ | কাওরান বাজার কর্পোরেট | ২০০.০০ | ২৮.১০ | ১৪% | ২৭ | ৮৭.৭৪ | ৩.৫৯ | ৪% | ৬১ | ১৭০.৯ | ৬.৫৮ | ৪% | ৬০ | ১১ | ০.৪১ | ৪% | ৬১ |
| ২৩ | বনানী কর্পোরেট | ৫০.০০ | ৯.২০ | ১৮% | ২০ | ৮২.৯৩ | ৪.৭৬ | ৬% | ৬০ | ৫৪.২৬ | ১.২৬ | ২% | ৬১ | ৩ | ০.৬৫ | ২২% | ৪৯ |
| ২৪ | নারায়নগঞ্জ কর্পোরেট | ৪০.০০ | ১৫.৪১ | ৩৯% | ৫ | ১২৬.৭৭ | ৩০.৯৫ | ২৪% | ৫৪ | ৩৪.৪৭ | ১৬.৬৯ | ৪৮% | ২৯ | ১১ | ১.৫১ | ১৪% | ৫৭ |

| ক্র: নং | মুখ্য অঞ্চল/ অঞ্চল/ কর্পোরেট শাখার নাম | আমানত সংগ্রহ | | | | ঋণ বিতরণ | | | | ঋণ আদায় | | | | রেমিট্যান্স সংগ্রহ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | অবস্থান | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | অবস্থান | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | অবস্থান | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | অবস্থান |
| ২৫ | খুলনা | ১৬০.০০ | ২.৫০ | ২% | ৪৬ | ৪০৪.১৫ | ১৩৩.৪৩ | ৩৩% | ৪৩ | ৩০৯.৪ | ১৩৮.২৭ | ৪৫% | ৩৩ | ৩৫ | ৭.২৪ | ২১% | ৫১ |
| ২৬ | বাগেরহাট | ১১৩.০০ | ২৬.৫৩ | ২৩% | ১৫ | ৪২৮.১১ | ১৯৪.৭৬ | ৪৫% | ৯ | ২১৪.১ | ১৩৯.৬৫ | ৬৫% | ৬ | ৩৬ | ১২.৬৩ | ৩৫% | ২৯ |
| ২৭ | সাতক্ষীরা | ১১৩.০০ | ৩০.৫৭ | ২৭% | ৯ | ৩৯৫.৬৭ | ১৯১.৫০ | ৪৮% | ৩ | ২৫১.৯ | ১৫২.১৬ | ৬০% | ৯ | ৭০ | ১৯.২৬ | ২৮% | ৪২ |
| ২৮ | যশোর | ১০০.০০ | ৫৯.৩৩ | ৫৯% | ২ | ৪৫৬.৯৭ | ১৫৫.০৮ | ৩৪% | ৪১ | ২৩৩.১ | ১৩৩.২৫ | ৫৭% | ১৫ | ৭০ | ২৩.৫৬ | ৩৪% | ৩২ |
| ২৯ | নড়াইল | ৪১.০০ | ৯.৭৫ | ২৪% | ১৪ | ১৬৬.২৫ | ৮১.৩৫ | ৪৯% | ১ | ৯০.০২ | ৫৭.২৮ | ৬৪% | ৭ | ২৯.৫ | ১০.৫৩ | ৩৬% | ২৮ |
| ৩০ | খুলনা কর্পোরেট | ৬৩.০০ | ৯৩.৬৫ | ১৪৯% | ১ | ১৮৭.৮৫ | ৩৩.১০ | ১৮% | ৫৭ | ১১৪.৯ | ২৯.৭৯ | ২৬% | ৫৬ | ২.৫ | ০.২৪ | ১০% | ৫৯ |
| ৩১ | কুষ্টিয়া | ৯৫.০০ | -১৪.৬২ | -১৫% | ৫৮ | ৪২৩.০০ | ১৫৭.৩৩ | ৩৭% | ৩৩ | ২৬১.৬ | ১৩৩.৪২ | ৫১% | ২৩ | ৯২ | ৩৩.০৫ | ৩৬% | ২৭ |
| ৩২ | চুয়াডাঙ্গা | ৫২.০০ | ৪.৮৮ | ৯% | ৩২ | ২৬০.০০ | ১০৫.৫৬ | ৪১% | ২২ | ২৩৪.১ | ১০১.৭১ | ৪৩% | ৩৪ | ৫০ | ১৩.৬১ | ২৭% | ৪৩ |
| ৩৩ | মেহেরপুর | ৪৬.০০ | -৫.৪৭ | -১২% | ৫৭ | ২০০.০০ | ৯৩.০৬ | ৪৭% | ৮ | ১৫৩ | ৯২.১৩ | ৬০% | ১১ | ৫১ | ১৭.৩২ | ৩৪% | ৩১ |
| ৩৪ | ঝিনাইদহ | ৯২.০০ | -৮.৭০ | -৯% | ৫৪ | ৪৩০.০০ | ১৭৯.৭০ | ৪২% | ১৮ | ২৯১.২ | ১৭৫.৮৬ | ৬০% | ১০ | ৫৯ | ১৯.৩০ | ৩৩% | ৩৩ |
| ৩৫ | মাগুরা | ৬৫.০০ | ২২.৬২ | ৩৫% | ৬ | ৩০০.০০ | ১২৯.৫৪ | ৪৩% | ১২ | ১৪৭.৮ | ৮৬.৫৩ | ৫৯% | ১৩ | ৬৩ | ১৫.১৯ | ২৪% | ৪৬ |
| ৩৬ | সিলেট | ২০০.০০ | -১.৫৭ | -১% | ৪৯ | ১৮৭.১৫ | ৭২.১১ | ৩৯% | ৩০ | ১৯৭.২ | ৬৩.২৭ | ৩২% | ৪৯ | ১৬৩ | ৬০.২২ | ৩৭% | ২৪ |
| ৩৭ | সুনামগঞ্জ | ১৫০.০০ | ৩৬.৫৯ | ২৪% | ১২ | ১৭৬.৬০ | ৭৫.৩৭ | ৪৩% | ১৫ | ২০০.৫ | ৭৮.০৭ | ৩৯% | ৩৮ | ৩১০ | ১৫৬.২৭ | ৫০% | ১ |
| ৩৮ | মৌলভীবাজার | ১২৫.০০ | -২.০৬ | -২% | ৫০ | ২৪৬.৩০ | ৯৭.১৩ | ৩৯% | ২৬ | ১৭৩.৭ | ১১৮.৭২ | ৬৮% | ৫ | ৬০ | ২৬.৬৬ | ৪৪% | ৮ |
| ৩৯ | হবিগঞ্জ | ১২০.০০ | ৫৩.৩৪ | ৪৪% | ৪ | ২২১.৫৫ | ১০৪.৭০ | ৪৭% | ৬ | ১৮৮.৯ | ৮৭.০৬ | ৪৬% | ৩০ | ৮৬ | ৪০.২৯ | ৪৭% | ৪ |
| ৪০ | সিলেট কর্পোরেট | ৬০.০০ | -৭.১২ | -১২% | ৫৬ | ২১১.৪০ | ৮২.০৫ | ৩৯% | ২৭ | ৯৪.৬৪ | ৭৮.১১ | ৮৩% | ১ | ৬ | ১.৪৬ | ২৪% | ৪৫ |
| ৪১ | ময়মনসিংহ(দক্ষিণ) | ১৫০.০০ | ৬৭.৯০ | ৪৫% | ৩ | ৩৩৬.৫০ | ১৬০.০৭ | ৪৮% | ৪ | ৫৯৮.২ | ১৬৬.৮৭ | ২৮% | ৫৪ | ১০৫ | ৪৭.৯৮ | ৪৬% | ৬ |
| ৪২ | ময়মনসিংহ(উত্তর) | ৬৫.০০ | ৩.৪৭ | ৫% | ৩৯ | ১৭৬.৪৫ | ৭১.৪০ | ৪০% | ২৩ | ৪০৬ | ৯৫.৭৭ | ২৪% | ৫৯ | ৪৬ | ২২.২৫ | ৪৮% | ৩ |
| ৪৩ | জামালপুর | ১৩১.০০ | ২৬.৮৫ | ২০% | ১৮ | ৩২০.৯০ | ১৩২.৭০ | ৪১% | ১৯ | ৪৭২.৭ | ১৫৬.৮১ | ৩৩% | ৪৭ | ১৫৩ | ৬১.০৭ | ৪০% | ১৫ |
| ৪৪ | শেরপুর | ৫৪.০০ | ৪.৪৮ | ৮% | ৩৬ | ১৬৯.৯০ | ৬৭.০৩ | ৩৯% | ২৫ | ৩২৮.৪ | ৮৭.৩০ | ২৭% | ৫৫ | ৩০ | ৮.৯৯ | ৩০% | ৩৭ |
| ৪৫ | কিশোরগঞ্জ | ১৩৭.০০ | ১৫.৯৫ | ১২% | ৩০ | ৩১৮.১০ | ১৪২.৩৮ | ৪৫% | ১০ | ৩৪০.৭ | ১৪০.৫৮ | ৪১% | ৩৬ | ১৫৮ | ৬০.২১ | ৩৮% | ২০ |
| ৪৬ | নেত্রকোনা | ৯৩.০০ | ৫.৯০ | ৬% | ৩৮ | ২২০.১৫ | ৯৮.০০ | ৪৫% | ১১ | ২৫১.৪ | ৮০.৭০ | ৩২% | ৪৮ | ৪৯ | ১৯.২৭ | ৩৯% | ১৭ |
| ৪৭ | চট্টগ্রাম অঞ্চল(পশ্চিম) | ৩১৫.১০ | -২৪.৩৯ | -৮% | ৫৩ | ৩৩২.৭০ | ৯৭.২২ | ২৯% | ৫১ | ৩৭০.৬ | ৮৯.১৪ | ২৪% | ৫৮ | ৮৩ | ১৪.৩৫ | ১৭% | ৫৪ |
| ৪৮ | চট্টগ্রাম অঞ্চল(পূর্ব) | ২০১.০০ | ২৪.৪৬ | ১২% | ২৮ | ১৯১.৫০ | ৭০.৪৮ | ৩৭% | ৩৫ | ৮১.৭৪ | ৪৪.৮০ | ৫৫% | ১৬ | ৭৩ | ২২.১৫ | ৩০% | ৩৫ |
| ৪৯ | পটিয়া | ১৬২.১৮ | ২৩.৬৯ | ১৫% | ২৬ | ২০৭.৫৫ | ৮৭.৩২ | ৪২% | ১৬ | ১২০.৭ | ৬২.৪৯ | ৫২% | ২১ | ৭৭ | ২১.৩২ | ২৮% | ৪১ |
| ৫০ | কক্সবাজার | ১২২.৬০ | ২.৯২ | ২% | ৪৩ | ১৮১.৫৫ | ৬৭.৫২ | ৩৭% | ৩৪ | ১৫১.২ | ৫৭.৯২ | ৩৮% | ৪০ | ৫৭ | ১৬.৭১ | ২৯% | ৩৯ |
| ৫১ | বান্দরবান | ৩৮.৪৬ | ০.১২ | ০% | ৪৮ | ১০১.৭০ | ৩৩.১১ | ৩৩% | ৪৪ | ৪৫.২৭ | ২২.২০ | ৪৯% | ২৬ | ১২ | ৪.৭৯ | ৪০% | ১৪ |
| ৫২ | রাঙ্গামাটি | ৪৪.৩৮ | ২.৩১ | ৫% | ৪১ | ১৪৯.৭০ | ৭০.২২ | ৪৭% | ৭ | ৯৪.৩৮ | ৬৭.৫৩ | ৭২% | ৩ | ১৮ | ৩.৯৮ | ২২% | ৪৮ |
| ৫৩ | খাগড়াছড়ি | ৫৮.৫৪ | ০.৯৫ | ২% | ৪৪ | ১৫০.৭০ | ৭১.৬০ | ৪৮% | ৫ | ৭৭.৭৭ | ৫৪.৪১ | ৭০% | ৪ | ৩৩ | ৬.০৪ | ১৮% | ৫৩ |
| ৫৪ | আগ্রাবাদ কর্পোরেট | ১৪০.৫০ | ১২.১৫ | ৯% | ৩৫ | ২০৫.৩০ | ৩০.৮৬ | ১৫% | ৫৮ | ১৯৭.৬ | ১৫১.৬২ | ৭৭% | ২ | ৪ | ০.৭৬ | ১৯% | ৫২ |
| ৫৫ | চট্টগ্রাম কর্পোরেট | ২৭.২৪ | ৬.১৮ | ২৩% | ১৬ | ১৭৯.৩০ | ১৬.০৪ | ৯% | ৫৯ | ৪৯.৬৪ | ১৭.০৮ | ৩৪% | ৪৬ | ৫ | ০.৫৯ | ১২% | ৫৮ |
| ৫৬ | ফরিদপুর | ১৪০.০০ | ৩৫.৬০ | ২৫% | ১১ | ৩৫৬.০০ | ১২৯.৭৯ | ৩৬% | ৩৭ | ১৮৮.৭ | ৯৮.০৩ | ৫২% | ১৯ | ১৬৭ | ৫৭.৮৩ | ৩৫% | ৩০ |
| ৫৭ | রাজবাড়ী | ৮৫.০০ | -৩.২২ | -4% | ৫১ | ২৮২.০০ | ৫৯.৭৭ | ২১% | ৫৫ | ২০৬.৪ | ৭৪.৭৯ | ৩৬% | ৪৩ | ৭৬ | ১৯.৫২ | ২৬% | ৪৪ |
| ৫৮ | মাদারীপুর | ১১২.০০ | ১৭.৯৬ | ১৬% | ২৩ | ২৯২.০০ | ৯২.৪৫ | ৩২% | ৪৮ | ১৬৯.৩ | ৮৬.৬৯ | ৫১% | ২২ | ৯০ | ৩৫.৫০ | ৩৯% | ১৬ |
| ৫৯ | গোপালগঞ্জ | ১০৯.০০ | ১০.১০ | ৯% | ৩৩ | ৩১৪.৫০ | ১০০.০৬ | ৩২% | ৪৬ | ১৭১ | ৮৯.৮৩ | ৫৩% | ১৮ | ৬৬ | ১৯.৭৩ | ৩০% | ৩৮ |
| ৬০ | শরীয়তপুর | ৮৪.০০ | ২৭.৫০ | ৩৩% | ৭ | ২৭৪.৫০ | ৮৩.২১ | ৩০% | ৪৯ | ২০৩.৯ | ৭৩.৪০ | ৩৬% | ৪৪ | ৭১ | ৩১.৪৪ | ৪৪% | ৯ |
| ৬১ | স্থানীয় মুখ্য কার্যালয় | ১৪৫০.০০ | -৮৫০.৩০ | -৫৯% | ৬১ | ১৮৪১.০০ | ৮৯৪.৮৯ | ৪৯% | ২ | ২১৪২ | ৬৪৫.৫৫ | ৩০% | ৫০ | ১০০ | ৭.৭২ | ৮% | ৬০ |

# স্মার্ট বাংলাদেশের পথে বাংলাদেশ কৃষি ব্যাংকের স্মার্ট হয়ে উঠার গল্প

**পেনশন অটোমেশনঃ**

বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-২ কর্তৃক কর্মকর্তা/কর্মচারীগণের পেনশন প্রদানের প্রক্রিয়াটির আধুনিকায়নের উদ্যোগ গ্রহণ করা হয়। ব্যাংকের ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ১৮/০৮/২০২০ তারিখে অনুষ্ঠিত ৪২১তম সভার অনুমোদনক্রমে আইসিটি অপারেশন বিভাগের নিজস্ব প্রোগামারগণের মাধ্যমে সফটওয়্যার ডেভেলপ করা হয়। ২০২১-২২ অর্থবছরের শুরুতে পাইলট প্রজেক্ট হিসাবে স্থানীয় মুখ্য কার্যালয় এবং স্টাফ কলেজ শাখা হতে পেনশন গ্রহণকারী মোট ৭৭৯জন কর্মকর্তা/কর্মচারীগণের যাবতীয় তথ্য সংযোজনপূর্বক তাঁদের মাসিক পেনশন ও চিকিৎসা ভাতা বিতরণ শুরু করা হয়। তৎকালীন উপমহাব্যবস্থাপক জনাব মোঃ আব্দুর রউফ এর তত্ত্বাবধানে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-২ এর পেনশন সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং আইসিটি অপারেশন বিভাগের প্রোগামারগণের ঐকান্তিক প্রচেষ্টার ফসল হিসাবে ডিসেম্বর'২০২২ ভিত্তিক বিকেবি'র ৮৩৯৭ জন পেনশনারের সবাই বাংলাদেশ কৃষি ব্যাংকের নিজস্ব সফটওয়্যারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে পেনশন ও চিকিৎসা ভাতা পাচ্ছেন।

**সিআইবি ইনকোয়ারি পোর্টালঃ**

বাংলাদেশ কৃষি ব্যাংক প্রান্তিক পর্যায়ে বিস্তৃত ১০৩৮টি শাখার মাধ্যমে সংখ্যা বিবেচনায় বাংলাদেশের ব্যাংকিং সেক্টরে সর্বোচ্চ সংখ্যক ঋণ বিতরণ করে থাকে। শুধুমাত্র ২.৫ লক্ষ টাকা পর্যন্ত স্বল্পমেয়াদী শস্য ঋণ ব্যতীত সকল ক্ষেত্রে ঋণ মঞ্জুরীর পূর্বশর্ত হিসাবে সিআইবি রিপোর্ট সংগ্রহের প্রয়োজন হয়। ইতঃপূর্বে সিআইবি রিপোর্ট সংগ্রহের জন্য শাখা কর্তৃক ইনকোয়ারি প্রস্তাব ডাক/কুরিয়ার যোগে প্রধান কার্যালয়ের গবেষণা ও পরিসংখ্যান বিভাগে প্রেরণ করা হতো। শাখা হতে উক্ত প্রস্তাব সাধারণত দুই থেকে পাঁচ কর্মদিবস পরে প্রধান কার্যালয়ে পৌছাতো এবং ম্যানুয়েল প্রস্তাব যাচাই বাছাই প্রক্রিয়ায় আরও অন্তত দুইটি কর্মদিবস প্রয়োজন হতো; ফলে ঋণ বিতরণ কার্যক্রমে দীর্ঘসূত্রিতা ও গ্রাহক ভোগান্তির ক্ষেত্র সৃষ্টি হতো। বিষয়টি নিরসনে গবেষণা ও পরিসংখ্যান বিভাগের ডিজাইন ও তদারকিতে আইসিটি অপারেশন বিভাগের নিজস্ব প্রোগ্রামারগণের মাধ্যমে একটি ওয়েব পোর্টাল ডেভেলপ করে ২৬ জুলাই ২০২২ তারিখে চালু করা হয়েছে। উক্ত ওয়েব পোর্টালের মাধ্যমে শাখা হতে সিআইবি ইনকোয়ারি প্রস্তাব গ্রহণ এবং সিআইবি রির্পোট শাখায় প্রেরণের লাইভ কার্যক্রম পরিচালনার মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংক আরো একধাপ এগিয়ে যায় স্মার্ট বাংলাদেশের পথে। বর্তমানে শাখা সমূহ সিআইবি ইনকোয়ারি প্রস্তাব পোর্টালে এন্ট্রিপূর্বক এপ্রুভ করার গড়ে তিন কর্মঘন্টার মধ্যেই রিপোর্ট সংগ্রহের মাধ্যমে ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণ করতে পারছে; বিষয়টি মন্ত্রণালয়ের সাথে  ব্যাংকের সম্পাদিত এপিএ'তে সেবা সহজিকরণ হিসাবে উপস্থাপিত হয়েছে। ওয়েব পোর্টালটি চালু হওয়ায় সময়, প্রিন্টিং ও কুরিয়ার খরচ সাশ্রয়ের পাশাপাশি তথ্যের সঠিকতা রক্ষা করা সম্ভব হচ্ছে।

---

বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকের সার্বিক উন্নয়নের জন্য নিবেদিত।
নতুন কোন চিন্তা যা ব্যাংকের কার্যক্রমকে সহজিকরণ ও আধুনিকায়নের মাধ্যমে আরো স্মার্ট করবে;
ই-মেইলের মাধ্যমে অবহিত করলে গবেষণা ও পরিসংখ্যান বিভাগ তা যাচাইপূর্বক উদ্যোগ গ্রহণ করবে।




২১ অক্টোবর, ২০২২ তারিখে অনুষ্ঠিত কর্মশালায় অর্থ মন্ত্রনালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ মহোদয়কে বাংলাদেশ কৃষি ব্যাংকের পক্ষ থেকে কৃষি ঋণ পঞ্জিকা প্রদান।



মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর, ২০২২ তারিখে সূর্যোদয়ের সময় বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয় প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন।




০৩ ডিসেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত এসএমই পণ্য মেলায় বাংলাদেশ কৃষি ব্যাংকের পক্ষে মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব মোঃ জয়নাল আবেদীন কর্তৃক মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের নিকট হতে সম্মাননা স্মারক গ্রহণ।



২৭ নভেম্বর, ২০২২ তারিখে বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ নাসিরুজ্জামান মহোদয় এর সাথে নব নিয়োগপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মহোদয় এর সৌজন্য সাক্ষাত।



২৪ নভেম্বর, ২০২২ তারিখে সদ্য বিদায়ী ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ ইসমাইল হোসেন মহোদয়কে বাংলাদেশ কৃষি ব্যাংকের পক্ষ থেকে বিদায়ী সংবর্ধনা প্রদান।



২৯ নভেম্বর, ২০২২ তারিখে নব নিয়োগপ্রাপ্ত উপব্যবস্থাপনা পরিচালক জনাব খান ইকবাল হোসেন মহোদয়কে বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা।

বাংলাদেশ কৃষি ব্যাংক

Bangladesh Krishi Bank

গণমানুষের ব্যাংক

রাষ্ট্রীয় মালিকানাধীন সর্ববৃহৎ বিশেষায়িত ব্যাংক